

## মোজাম্বিক-এর বিদেশ তথা আন্তর্জাতিক সহযোগিতা বিষয়ক মন্ত্রীর ভারত সফর (নভেম্বর 23-29, 2014)

নভেম্বর 23, 2014

পররাষ্ট্র মন্ত্রকের আমন্ত্রণে মোজাম্বিক-এর বিদেশ তথা আন্তর্জাতিক সহযোগিতা বিষয়ক মন্ত্রী, মাননীয় শ্রী ওল্ডেমিরো বালোই আগামী ২৩শে নভেম্বর থেকে ২৯শে নভেম্বর পর্যন্ত ভারত সফর করবেন। মোজাম্বিক-এর বিদেশ মন্ত্রকের পদস্থ আধিকারিকগণ তার সফরসঙ্গী হিসেবে সঙ্গে থাকছে।

এই সফরে, শ্রী বালোই পররাষ্ট্র মন্ত্রীর সঙ্গে আলোচনা করবেন এবং অন্যান্য বৈঠক করবেন। তিনি ইন্ডিয়ান কাউন্সিল অফ ওয়ার্ল্ড অ্যাফেয়ার্স (ICWA) -তে “মোজাম্বিকের বিদেশ নীতির দৃষ্টিভঙ্গী” শীর্ষক একটি বক্তৃতা দেবেন।

ভারত এবং মোজাম্বিকের মধ্যে উষ্ণ এবং বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে। ২০১৩-১৪ সালে 1.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি দ্বিপাক্ষিক বিনিয়োগের সাথে মোজাম্বিকের বাণিজ্যিক অংশীদারের মধ্যে ভারতের স্থান রয়েছে শীর্ষ পাঁচটি দেশের মধ্যে। মোজাম্বিক হলো ২০০৪-২০১৩ সময়ের মধ্যে ভারত থেকে 639.44 মিলিয়ন মার্কিন ডলার ঋণ নেবার মাধ্যমে সহজ শর্তে ঋণ (LOCs) গ্রহণকারী তৃতীয় বৃহত্তম গ্রহীতা। ভারত, মোজাম্বিকের একটি অন্যতম বড় বিনিয়োগ অংশীদার। ভারতীয় বেশ কিছু সরকারী এবং বেসরকারী কোম্পানী শক্তি ক্ষেত্র সহ বিভিন্ন ক্ষেত্রে মোজাম্বিক-এ বিনিয়োগ করেছে। ভারতীয় প্রযুক্তি অর্থনৈতিক সহযোগিতা (ITEC) কর্মসূচীর আওতায় ভারতীয় সংস্থায় বহু সংখ্যক মোজাম্বিকের বিশেষজ্ঞদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এ ছাড়াও মোজাম্বিকের বহু ছাত্র-ছাত্রী ভারতের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে পাঠ্যরত আছে।

দুই দেশ বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক গুরুত্বের ক্ষেত্রে অভিন্ন মনোভাব পোষণ করে। অন্যদিকে, মোজাম্বিকও সংস্কার করা রাষ্ট্রসংঘ নিরাপত্তা পরিষদে ভারতের প্রতিনিধিত্বকে সমর্থন জানিয়েছে।

বিদেশমন্ত্রী বালোই ভারত-মোজাম্বিকের মধ্যে সম্পর্ক আরো সুদৃঢ় ও সুগভীর করার লক্ষ্যে নতুন উদ্দীপনা প্রদান করবেন।

নতুন দিল্লী

23শে নভেম্বর 2014